

কেরুজ জৈব সার কারখানা

আকন্দবাড়ীয়া, দর্শনা, চুয়াডাঙ্গা।

জৈব সার কারখানার পরিস্থিতি প্রতিবেদন

চিনি কারখানার বর্জ্য ফিল্টার মাড ও ডিস্টিলারী ইফ্লুয়েন্ট স্পেন্টওয়াস দ্বারা জৈব সার তৈরীর জন্য সরকারী আর্থিক সহায়তায় কেরু এ্যান্ড কোম্পানী (বাংলাদেশ) লিঃ এ কেরুজ জৈব সার কারখানা ২০১২ সালে স্থাপিত হয়। কারখানাটি স্থাপিত হওয়ায় কেরুজ ডিস্টিলারীর সম্পূর্ণ স্পেন্টওয়াস এখানে ব্যবহার হচ্ছে এবং মূল্যবান পরিবেশ বান্ধব জৈব সার উৎপাদিত হচ্ছে। কেরুজ জৈব সার কারখানাটি কেরু এ্যান্ড কোম্পানী (বাংলাদেশ) লিঃ এর বর্জ্য শোধনাগার হিসেবেও কাজ করছে।


পরীক্ষামূলকভাবে ৭৫৭ মেঃ টন জৈব সার উৎপাদন করা হয় যা কেরুর নিজস্ব বাণিজ্যিক খামার, পরীক্ষামূলক খামার এবং বিভিন্ন সুগার মিলে পরীক্ষামূলকভাবে ব্যবহারের জন্য সরবরাহ করা হয়। পরীক্ষামূলকভাবে উৎপাদিত জৈব সার ব্যবহার করে আশানুরূপ ফল পাওয়া যাওয়ায় চাষীদের মাঝে ব্যাপক আগ্রহের সৃষ্টি হয়েছে। গত ০৩/১০/২০১৬ খ্রিঃ তারিখে জাতীয় সার প্রমিতকরণ কমিটির সার্টিফিকেট ও রেজিস্ট্রেশন পাওয়া যায়। বর্তমানে বাণিজ্যিকভাবে জৈব সার উৎপাদন ও বিক্রয় কাজ চলছে। এছাড়াও জৈব সার বিক্রয় বৃদ্ধির নিমিত্তে সারাদেশে গত ২৬/১১/২০১৭ খ্রিঃ তারিখে ১৫ জন ডিলার নিয়োগ করা হয়েছে। তারমধ্যে মাত্র ২ জন ডিলার নিয়মিতভাবে জৈব সার উত্তোলন করছেন। অবশিষ্ট ১৩ জন ডিলার নিয়মিত সার উত্তোলন করছে না। ফলে স্থানীয় আখ চাষীদের মধ্যে ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও আমরা জৈব সার বিক্রয় করতে পারছি না। চিনি কারখানা হতে যে পরিমাণ ফিল্টার মাড পাওয়া যায় তা হতে প্রাপ্ত জৈব সারের চাহিদা সংকুলান না হওয়ায় পার্শ্ববর্তী মিল সমূহ হতে ফিল্টার মাড সংগ্রহ করা হচ্ছে।


এখানে উল্লেখ্য, সরকারের পরিবেশ অধিদপ্তর যখন বিভিন্ন কলকারখানা কর্তৃক পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে কঠোর এবং নতুন কলকারখানা তৈরীর ক্ষেত্রে বর্জ্য ব্যবস্থাপনায় ইএমপি/ইটিপি তৈরী ছাড়া কারখানা তৈরীর অনুমোদন দিচ্ছে না, ঠিক সেই মুহূর্তে কেরু এ্যান্ড কোম্পানী (বাংলাদেশ) লিঃ বর্জ্য ব্যবস্থাপনায় এই অভূতপূর্ব কারখানাটি স্থাপন করে একদিকে যেমন পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ করছে সেই সাথে বিনামূল্যে 'র' ম্যাটেরিয়াল দিয়ে মূল্যবান জৈব সার উৎপাদন করে লাভবান হচ্ছে।

ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য উৎপাদনের জন্য চাষীদের প্রচুর রাসায়নিক সার ব্যবহারের ফলে মাটির জৈব পদার্থের পরিমাণ ক্রমাগত কমে যাচ্ছে ফলে মাটির উর্বরতা ও উৎপাদনশীলতা আশংকাজনকভাবে হ্রাস পাচ্ছে। এ অবস্থা থেকে মাটির স্বাস্থ্য ও উর্বরতা রক্ষায় জৈব সার ব্যবহারের কোন বিকল্প নেই। মাটির স্বাস্থ্য ও উর্বরতা রক্ষার্থে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের প্রতিষ্ঠান কেরু এ্যান্ড কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড তৈরী করেছে দেশের একমাত্র খাঁটি ও সেরা জৈব সার "সোনার দানা"। তাই মাটির স্বাস্থ্য রক্ষার্থে দেশের সেরা জৈব সার "কেরুজ জৈব সার সোনার দানা" ব্যবহার করুন।

২৬ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত জৈব সার উৎপাদন ও বিক্রয় নিম্নে প্রদত্ত হলো :

| মৌসুম | উৎপাদন | বিক্রয় |
|-----------|----------------|----------------|
| ২০১৪-২০১৫ | ৫৪৩.০০ মেঃ টন | ৯.১৫ মেঃ টন |
| ২০১৫-২০১৬ | ৭০৭.০০ মেঃ টন | ২৭২.৫৫ মেঃ টন |
| ২০১৬-২০১৭ | ৬৩৫.০০ মেঃ টন | ১১৮৯.৬৫ মেঃ টন |
| ২০১৭-২০১৮ | ৯৬৭.১০ মেঃ টন | ১১৮১.৯০ মেঃ টন |
| ২০১৮-২০১৯ | ১০৪.২৫ মেঃ টন | ৩০৩.১০ মেঃ টন |
| সর্বমোট= | ২৯৫৬.৩৫ মেঃ টন | ২৯৫৬.৩৫ মেঃ টন |


প্লান্ট ম্যানেজার


ব্যবস্থাপনা পরিচালক